দৈনিক
আমাদের সময়

তারিখ ... 10 JUN 2016 ....
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ২ ...

# পরীক্ষাবঞ্চিত হয়ে ২২ শিক্ষার্থী দিশাহারা

নিজস্ব প্রতিবেদক, খুলনা •

পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষের দায়িত্বহীনতার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন খুলনা বিএল কলেজের অর্থনীতি বিভাগের মাস্টার্স শেষ বর্ষের ২২ শিক্ষার্থী পরীক্ষাবঞ্চিত হয়ে দিশাহারা হয়ে পড়েছে। তাৎক্ষণিক ঘটনায় হতবাক ওই পরিক্ষার্থীরা গতকাল বৃহস্পতিবার বেলা ৪টায় খুলনা প্রেসক্লাবের সামনে সমবেত হয়ে প্রথমে বিক্ষোভ প্রদর্শন এবং পরে সংবাদ সম্মেলন করেন।

সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা বলেন, আমরা বিএল কলেজের অর্থনীতি বিভাগের মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থী। রুটিন অনুযায়ী আমরা বৃহস্পতিবার দুপুর ২টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ব্যাংকিং প্রতিষ্ঠান ও নীতিমালা (কোড-৩১২২৫৮) কোর্সের পরীক্ষা দিতে খুলনা মহিলা কলেজ কেন্দ্রে যাই। পরীক্ষার হলে গিয়ে জানতে পারলাম আমাদের নির্ধারিত কোর্সের পরীক্ষা সকাল ৯টায় হয়ে গেছে। অথচ আমরা পরীক্ষার সময়সূচি এগিয়ে আনার ব্যাপারে কিছুই জানি না। কেন্দ্র থেকে আমাদের কোনো প্রকার নোটিশ করা বা ঘোষণা জানানো হয়নি। আমরা কলেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেছি। কিন্তু তারা বলছেন-- আমাদের কিছুই করার নেই। নোটিশ ইন্টারনেটে দেওয়া হয়েছে। কিন্তু আমাদের প্রশ্ন-- সব পরীক্ষার্থী কি ইন্টারনেট ব্যবহার করে? গত ২৮ মে আমাদের আগের কোর্সের পরীক্ষা হয়েছে। সে দিন পরীক্ষা কেন্দ্রে একবার ঘোষণা দিলে আজ আমরা এ ধরনের বিপদে পড়তাম না। এখন আমাদের প্রত্যেকের শিক্ষা জীবনের একটা বছর নষ্ট হবে।